



# বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী লিমিটেড

(বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান)

টেলিফোন নং-০২-৯৯৬৬১৮০৭২-৭৭, ফ্যাক্স-৯২০৫০৯৭

গাজীপুর সেনানিবাস, গাজীপুর



## নিয়োগ বিজ্ঞপ্তি

১। বিএমটিএফ লিঃ জয়দেবপুর, গাজীপুর প্রশাসনিক শাখা (এমটি) এর জন্য চুক্তিভিত্তিক ভিত্তিতে নিম্নবর্ণিত পদে নিয়োগ প্রদান করা হবে। পদের বিস্তারিত নিম্নে প্রদত্ত হলোঃ

ক্রমিক নং	পদের নাম	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	বেতন/সুবিধাদি	পরীক্ষার জন্য উপস্থিতির তারিখ ও সময়
১।	ড্রাইভার-২ (১০ জন) (গ্রেড-১৬ এর সমমান)	১. শিক্ষাগত যোগ্যতাঃ অষ্টম শ্রেণি। সাবলীলভাবে বাংলা, ইংরেজি শব্দ, সংখ্যা পড়তে ও লিখতে সক্ষম হতে হবে। ২. অন্যান্য যোগ্যতাঃ ক। বয়স ৩২ বছর। তবে গাড়ী চালনা ও রক্ষণাবেক্ষনে অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য। খ। প্রার্থীর বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ পেশাগত ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সহিত জমা দিতে হবে। গ। পরীক্ষার সময় পর্যদের নিকট জাতীয় পরিচয়পত্র এবং ড্রাইভিং লাইসেন্স এর মূল কপি প্রদর্শন করতে হবে। ঘ। কোন প্রতিষ্ঠানে গাড়ী চালনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। ঙ। ভারী লাইসেন্সধারীগণ অগ্রাধিকার পাবে। চ। প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারীসহ স্বাভাবিক দৃষ্টি সম্পন্ন হতে হবে। ছ। সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণ আবেদন করতে পারবেন সেক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। জ। বিএমটিএফ লিঃ কর্তৃক গ্রহণকৃত স্বাস্থ্যগত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	ক। মূল বেতন ৯,৩০০.০০ খ। অন্যান্য ভাতা ৫,৭০০.০০ সর্বমোট মাসিক বেতন ১৫,০০০.০০ গ। উৎসব ভাতাঃ মূল বেতনের সমপরিমাণ। ঘ। বৈশাখী ভাতাঃ মূল বেতনের ২০%। ঙ। ফ্যাক্টরীর প্রচলিত নিয়ম অনুযায়ী অন্যান্য সুযোগ - সুবিধা প্রদান করা হবে। চ। সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের বেতন ভাতা সুবিধাদি এডভান্সিট'র বেতন কাঠামো অনুযায়ী প্রদান করা হবে।	১। বাছাইকৃত প্রার্থীদের সাক্ষাৎকারের জন্য ফোনে অবগত করা হবে। ২। সাক্ষাৎকারের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২। আবেদনকারীদের নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ, অভিজ্ঞতা সনদ, জাতীয়তা, ধর্ম, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, মোবাইল নম্বর, ই-মেইল (যদি থাকে) ও পদের নাম উল্লেখ পূর্বক আবেদনপত্র আগামী ০৯ এপ্রিল ২০২৬ ইং তারিখের মধ্যে বিএমটিএফ লিঃ, প্রশাসনিক শাখা (এইচআরডি), গাজীপুর সেনানিবাস এ ডাক/কুরিয়ার/হাতে হাতে পৌছাতে/জমা দিতে হবে। বাছাইকৃত প্রার্থীদের সাক্ষাৎকারের সময় উপরোক্তিত সকল সনদ সমূহের মূল কপি সংগে নিয়ে আসতে হবে।

৩। আবেদনপত্র বাতিল বা সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। তবে নিয়োগ পরবর্তীতে পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন সন্তোষজনক না হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে। এছাড়া নিয়োগ চূড়ান্ত ব্যক্তির শিক্ষাগত যোগ্যতার মূল সনদ চাকুরীকালীন সময় বিএমটিএফ লিঃ কর্তৃপক্ষের হেফাজতে সংরক্ষিত থাকবে।

স্থান : বিএমটিএফ, গাজীপুর সেনানিবাস

তারিখ : ২৪ মার্চ ২০২৬ ইং

হেড অব এইচআরএম

ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে